

ডানপন্থি ও ইসলামিক দলগুলোর ঐক্য চান তোফায়েল আহমেদ

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: ৩০ আগস্ট ২০২৫, ০১:৫৮ পিএম

আপডেট: ৩০ আগস্ট ২০২৫, ০১:৫৮ পিএম

5

Shares



ছবি: খবরের কাগজ

ডানপন্থি ও ইসলামিক দলগুলোর ঐক্য চান স্থানীয় সরকার সংস্কার কমিশনের প্রধান অধ্যাপক তোফায়েল আহমেদ।

তিনি বলেন, ‘ডানপন্থি ও ইসলামিক দলগুলো যদি ঐক্য না করে তবে তারা দুই বছরও টিকতে পারবে না। যদি ঐক্য গড়ে তুলে তারা তবে তারা সরকার গঠন করে অন্তত ১০ বছর টিকে থাকতে পারবে’

শনিবার (৩০ আগস্ট) দুপুরে জাতীয় প্রেস ক্লাবে সেন্টার ফর ইনক্লুসিভ পলিসি অ্যান্ড গভর্নেন্স (সিআইপিজি) আয়োজিত গোলাটেবিল আলোচনায় তিনি এ কথা বলেন।

‘রাষ্ট্র সংস্কার ও জুলাই সনদ: বর্তমান প্রেক্ষিতে’ শিরোনামের এ আলোচনাসভায় সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. মোজাম্মেল হক।

আলোচনাসভায় সাবেক সচিবদের পাশাপাশি সাবেক সামরিক কর্মকর্তারাও যোগ দেন।

তোফায়েল আহমেদ বলেন, জুলাই সনদে অনেক ত্রুটি থাকতে পারে। অনেক বিষয় নিয়ে দ্বিমত থাকতে পারে। তবে রাজনৈতিক দলগুলোর উচিত হবে, যেসব বিষয়ে তারা একমত হয়েছেন, সেসব বিষয়ে একমত হতে হবে। যেসব বিষয়ে সংস্কার করতে হবে সংবিধান মোতাবেক, তা আমরা পরবর্তী জাতীয় সংসদের জন্য রেখে দিতে

পারি আর যেসব বিষয় প্রচলিত আইনে বা প্রশাসনিক সিদ্ধান্তের মাধ্যমে নেওয়া যায়, সেগুলো দুই মাসের মধ্যে বাস্তবায়ন করতে হবে।

রাজনৈতিক দলগুলোর উদ্দেশ্যে তিনি বলেন, ‘রাজনৈতিক দলগুলো ঐক্যমতে আসে না বলে সরকারও এগোতে চায় না। তবে জুলাই সনদ বাস্তবায়নে সরকারের ভূমিকাও গুরুত্ব দিয়ে দেখতে হবে রাজনৈতিক দলগুলোকে। এখন গ্যালারিতে বসে রোল প্লে করার সময় না। জুলাই সনদ নিয়ে সরকারকে গ্রিন সিগন্যাল দিন আপনারা। নির্বাচনের আগে ৫ মাস সময় আছে। কাজ শুরু করলে এ সময়টা নেহায়েত কম না। গণ-অভ্যুত্থানে পতিত আওয়ামী লীগ সক্রিয় হয়ে উঠছে - এমন সতর্কবার্তা দিয়ে তোফায়েল আহমেদ বলেন, ক্ষমতাচ্যুত হয়ে তারা আবার ক্ষমতা পুনর্দখলের চেষ্টা করবে। তাদের শক্তি সামর্থ্য নিয়ে আমরা ওয়াকিবহাল না। মনে রাখতে হবে, বিভিন্ন দেশে কিন্তু প্রতিবিপ্লব হয়েছে। তাই বলছি, আমরা যদি সক্রিয় না থাকি তবে গণ-অভ্যুত্থানের অর্জন হাইজ্যাক হয়ে যাবে’

জয়ন্ত সাহা/অমিয়/

জাতীয় থেকে আরও পড়ুন

- ডানপন্থি
- স্থানীয় সরকার সংস্কার কমিশন
- জুলাই সনদ

5
Shares



সর্বশেষ

সর্বাধিক পঠিত

১. দক্ষিণ কোরিয়া ও কাজাখস্তানের সমঝোতা স্মারক স্বাক্ষর
২. দীর্ঘ ছয় মাস পর উৎপাদনে সিইউএফএল
৩. সাটুরিয়ায় হেরোইন সেবনের দায়ে যুবকের ৬ মাসের কারাদণ্ড
৪. চট্টগ্রামে বিশেষ অভিযানে গ্রেপ্তার ৫৪৬
৫. ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

সব খবর

জাতীয় থেকে পড়ুন

আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে ইসির বৈঠক ২১ সেপ্টেম্বর



আন্তঃমন্ত্রণালয় বৈঠকের পর ভোটের তারিখ চূড়ান্ত হবে: ইসি সচিব

আন্তঃমন্ত্রণালয় বৈঠকের পর ভোটের তারিখ চূড়ান্ত হবে: ইসি সচিব